



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ক্রীড়া-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)



স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৭১.৩৩.০০১.১৭.১০১৪

তারিখ: ১১ পৌষ ১৪৩০

২৬ ডিসেম্বর ২০২৩

বিষয়: অস্ট্রেলিয়া জাতীয় ক্রিকেট দল (মহিলা)-এর আসন্ন বাংলাদেশ সফরের প্রয়োজনীয় সরকারি অনুমতি প্রদান এবং নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ৩৪.০০.০০০০.০০৪.৫৫.০০১.২৩.৩১৪; তারিখ: ২০ ডিসেম্বর ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অস্ট্রেলিয়া জাতীয় ক্রিকেট দল (মহিলা) আগামী ১৭ মার্চ হতে ০৫ এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত বাংলাদেশ সফর করবে। সফরকালীন উক্ত দল বাংলাদেশ জাতীয় মহিলা ক্রিকেট দলের সাথে সিলেটে ৩টি একদিনের আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ এবং ৩টি টুয়েন্টি২০ আন্তর্জাতিক ম্যাচে অংশগ্রহণ করবে। অনুষ্ঠেয় ক্রিকেট ম্যাচে অংশগ্রহণের জন্য অস্ট্রেলিয়া জাতীয় মহিলা ক্রিকেট দলের অনুকূলে নিম্নবর্ণিত শর্তে ১৭ মার্চ হতে ০৫ এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত বাংলাদেশ সফরের সরকারি অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

শর্তসমূহঃ

- (ক) “টুর্নামেন্টে অংশগ্রহণকারী বিদেশি খেলোয়াড়/কোচ/কর্মকর্তাদের নামের তালিকা সফরের পূর্বেই মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা এবং অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), মালিবাগ, ঢাকা বরাবরে প্রেরণ করতে হবে”;
- (খ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা কর্তৃক জারিকৃত নির্দেশনা ও স্বাস্থ্য বিধি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৬-১২-২০২৩

এস. এম. হামায়ুন কবির

সহকারী সচিব

ফোন: +৮৮-০২-৫৫১০১৩৮৬

ফ্যাক্স: .

ইমেইল: .

সচিব

সচিবের দপ্তর

জাতীয় ক্রীড়া পরিষদ

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৭১.৩৩.০০১.১৭.১০১৪/১(১৪)

তারিখ: ১১ পৌষ ১৪৩০

২৬ ডিসেম্বর ২০২৩


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা। (ভিসা প্রদানের অনুরোধসহ)

২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৩) মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ ভবন, ঢাকা।

- ৪) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (অন অ্যারাইভাল ভিসা প্রদানের অনুরোধসহ)
- ৫) মহাপরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৬) মহা-পরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭) অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক (এসবি), মালিবাগ, ঢাকা।
- ৮) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
- ৯) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১০) বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১১) নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১২) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ক্রিকেট বোর্ড, মিরপুর, ঢাকা।
- ১৪) অফিস কপি।



২৬-১২-২০২৩

এস. এম. হুমায়ুন কবির  
সহকারী সচিব